



কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প  
কম্পোনেন্ট সি-বিডব্লিউসিএসআরপি  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

তাপ প্রবাহের জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ (হালনাগাদ)

প্রকাশের তারিখ: ০৪/০৪/২০২৪

হালনাগাদের তারিখ : ২১/০৪/২০২৪

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী দেশের উপর দিয়ে চলমান মৃদু থেকে তীব্র ধরনের তাপপ্রবাহ অব্যাহত থাকতে পারে। এমতাবস্থায় নীচের পরামর্শসমূহ প্রদান করা হলো:

- তাপপ্রবাহের ক্ষতি থেকে ধান ফসল রক্ষার জন্য ধানের শীষে দানা শক্ত না হওয়া পর্যন্ত জমিতে অবশ্যই ৫-৭ সেন্টিমিটার পানি ধরে রাখুন। এ সময় জমিতে যেন পানির ঘাটতি না হয়।
- বর্তমান আবহাওয়ায় ধান গাছের বৃদ্ধি পর্যায়ে শীঘ্র ব্লাস্ট রোগের আক্রমণ হতে পারে। রোগের লক্ষণ প্রকাশ পাওয়ার আগেই প্রিভেন্টিভ হিসেবে বিকাল বেলা ট্রুপার ৮ গ্রাম/১০ লিটার পানি অথবা নেটিভো ৬ গ্রাম/১০ লিটার পানি ৫ শতাংশ জমিতে ৫ দিন ব্যবধানে দুইবার স্প্রে করুন।
- আম ও লিচু গাছের গোড়ায় পর্যাপ্ত সেচ প্রদান করুন। প্রয়োজনে গাছের শাখাপ্রশাখায় পানি স্প্রে করা যেতে পারে।
- সবজির জমিতে আগামী এক সপ্তাহে মাটির ধরন বুঝে প্রয়োজন অনুযায়ী ২ থেকে ৩ টি সেচের ব্যবস্থা করুন।
- ফল ও সবজির চারাকে তাপপ্রবাহের ক্ষতি থেকে রক্ষার জন্য মালচিং ও সেচ নিশ্চিত করুন।
- তাপপ্রবাহের সময় প্রচলিত রোদে গবাদি পশু ও হাঁসমুরগী ঘরের বাইরে রাখা থেকে বিরত থাকুন। গবাদি পশু ও হাঁসমুরগীর গায়ে/ঘরে ঠান্ডা পানি স্প্রে করে দেওয়া যেতে পারে।
- গবাদি পশু ও হাঁসমুরগীকে স্যালাইন, ভিটামিন সি যুক্ত খাবার প্রদান করুন। আমিষ জাতীয় খাবার সরবরাহ কমিয়ে দিন। তীব্র তাপদাহের সময় ভ্যাকসিন প্রয়োগ থেকে বিরত থাকুন।
- তাপদাহ চলাকালীন প্রতি ১৫ দিনে একবার করে ভোরে প্রতি শতাংশে ১০০-২০০ গ্রাম চুন, বিকালে ১০০-২০০ গ্রাম লবন প্রয়োগ করুন এবং প্রতিদিন প্রতি শতাংশে কার্বোহাইড্রেট জাতীয় উপাদান (আটা, চাল, ভুট্টার কুড়া ইত্যাদি) ৫০-১০০ গ্রাম করে প্রয়োগ করুন।
- সম্ভব হলে দুপুরের পর পুকুর/জলাশয়ে ডীপ টিউবওয়েল/ সাব মারসিবল পাম্প/অন্যান্য উৎস থেকে নিরাপদ ঠান্ডা পানি ঝর্ণাকারে সরবরাহের মাধ্যমে তাপমাত্রা নিয়ন্ত্রণ ও পানির প্রয়োজনীয় গভীরতা বৃদ্ধি করুন। অক্সিজেনের ঘাটতি হলে প্রতি শতকে প্রতি ফুট পানির গভীরতায় ১টা করে অক্সিজেন ট্যাবলেট প্রয়োগ করুন।

ড. মো: শাহ কামাল খান

প্রকল্প পরিচালক

যোগাযোগ নম্বর ০১৭১২১৮৪২৭৪ :

ইমেইল: kamalmoa@gmail.com